গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
পলাশ, নরসিংদী।

স্মারক নং- ৩২.০১.৬৮৬৩.০০৫.২৩.০০৪.২১- ৪১

তারিখঃ ০৮ ফেব্রুয়ারি ২০২২

বিষয়ঃ 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২২' এর জন্য মনোনয়ন প্রসংগে।

সূত্রঃ ১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পলাশ, নরসিংদী এর ২৭/০১/২০২২ তারিখের প্রাপ্তি নং-১৩২।
২) মহিলা বিষয়ক অধিদপ্তরের ০৬/০২/২০২২ তারিখের স্মারক নং-৩২.০১.০০০০.০০৫.২৩.০৬২.২১-১৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জনানো যাচ্ছে যে, প্রতি বছর ৮ আগস্ট তারিখে 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর জন্মবার্ষিকী উদযাপন এবং পদক' প্রদান করা হয়ে থাকে। প্রতিবছরের ন্যায় রাজনীতি, অর্থনীতি, শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া, সমাজসেবা, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ, গবেষনা, কৃষি ও পল্লী উন্নয়ন এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য যে কোন ক্ষেত্রে অবদান ও গৌরবোজ্জ্বল ভূমিকার স্বীকৃতিস্বরূপ পাঁচ জন বাংলাদেশী নারীকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২২' প্রদান করা হবে। এমতাস্থায় আপনার ইউনিয়ন/পৌরসভাধীন মনোনয়নযোগ্য বিশিষ্ট নারী যাঁরা উল্লেখিত যে কোন ক্ষেত্রে অবদান রেখেছেন তাঁদের বৃত্তান্ত এতদসংগে সংযুক্ত 'ছক' ও নীতিমালার আলোকে পূরণ করে আগামী ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ
১। সূত্রোক্ত স্মারকদ্বয়ের পত্র
২। আবেদন/জীবন বৃত্তান্ত 'তথ্য ছক'
৩। বেগম রোকেয়া পদক (সংশোধিত) নীতিমালা-২০২১

06/02/2022
(রেহানা পারভীন)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
পলাশ, নরসিংদী।
ফোনঃ ০২-৯৪৬৬৪৬৩।

বিতরণ (সদয় কার্যার্থে):
১। মেয়র ঘোড়াশাল পৌরসভা
২। চেয়ারম্যান, চরসিন্দুর/গজারিয়া/জিনারদী/ডাংগা ইউপি
পলাশ, নরসিংদী।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী।
২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নরসিংদী।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

নং-৩২.০০.০০০০.০৪২.২৩.০০৪.২২.১৬

তারিখঃ ১০ মাঘ ১৪২৮
২৪ জানুয়ারি ২০২২

বিষয়ঃ 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক, ২০২২' এর জন্য মনোনয়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রতি বছর ৮ আগস্ট তারিখে দেশব্যাপী 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর জন্মবার্ষিকী উদ্‌যাপন এবং পদক' প্রদান করা হয়ে থাকে। প্রতি বছরের ন্যায় রাজনীতি, অর্থনীতি, শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া, সমাজসেবা, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ, গবেষণা, কৃষি ও পল্লিউন্নয়ন এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য যে কোন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্জ্বল ভূমিকার স্বীকৃতিস্বরূপ পাঁচজন বাংলাদেশী নারীকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক প্রদান করা হবে।

২। এমতাবস্থায়, 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক নীতিমালা ২০২১' মোতাবেক উল্লিখিত যেকোন ক্ষেত্রে অবদান রেখেছেন এমন বাংলাদেশী নারীকে পদক প্রাপ্তির ক্ষেত্র উল্লেখপূর্বক মনোনয়ন আগামী ৮ মার্চ ২০২২ তারিখের মধ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। এক্ষেত্রে সফট কপি (Nikosh ফন্টে MS Word File-এ)) ই-মেইলে: sasadmn2@gmail.com প্রেরণ করা যাবে। মনোনীত প্রার্থীকে সংযুক্ত 'ছক' পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদনপত্র 'ছক' মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mowca.gov.bd) অথবা জাতীয় মহিলা সংস্থার ওয়েবসাইট (www.jms.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে। নির্ধারিত এই 'ছক' ব্যতিত অন্য কোন 'ছক' এ আবেদন/মনোনয়ন গ্রহণ করা হবে না।

সংযুক্তিঃ ছক ও নীতিমালা।

২৪.০১.২০২২
(আফরোজা বেগম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৪১

বিতরণঃ
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব
..........................................................মন্ত্রণালয়/বিভাগ।
৩। বিভাগীয় কমিশনার (সকল)
......................................................................বিভাগ।
৪। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
৬। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)
..........................................................জেলা।
৮। ..............................................বিশ্ববিদ্যালয়/বাংলা একাডেমি/শিল্পকলা একাডেমি/নজরুল ইন্সটিটিউট, ঢাকা।


F:\Bango Mata-22\বঙ্গ.docx

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
(জনসংযোগ শাখা)
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৫.২৩.০৬২.২১-৯৪ তারিখ: ০৬/০২/২০২২

বিষয়ঃ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক ২০২২ এর জন্য মনোনয়ন আহ্বান।

সূত্র: ৩২.০০.০০০০.০৪২.২৩.০০৪.২২.১৬ তারিখ: ২৪ জানুয়ারী ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে রাজনীতি, অর্থনীতি, শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া, সমাজসেবা, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ, গবেষণা, কৃষি ও পল্লিউন্নয়ন এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য যে কোন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্জ্বল ভূমিকার স্বীকৃতিস্বরূপ পাঁচ জন বাংলাদেশী নারীকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক ২০২২' প্রদান করা হবে। আপনার জেলা ও জেলাধীন উপজেলায় মনোনয়নযোগ্য বিশিষ্ট নারী যাঁরা উল্লিখিত ক্ষেত্রের মধ্যে যে কোন একটি ক্ষেত্রে অবদান রেখেছেন তাঁদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র "ছক" (মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mowca.gov.bd) এবং জাতীয় মহিলা সংস্থার ওয়েব সাইট (www.jms.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে। ওয়েব সাইটে প্রকাশিত 'ছক' ব্যতিত অন্য কোন 'ছক' এ আবেদন/মনোনয়ন গ্রহণ করা হবে না। পদক প্রাপ্তির ক্ষেত্র উল্লেখপূর্বক আগামী ৮ মার্চ ২০২২ তারিখের মধ্যে আবেদনপত্র নির্ধারিত 'ছক' অনুযায়ী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। এ ক্ষেত্রে সফ্‌ট কপি (Nikosh ফন্টে MS Word File -এ) ই-মেইলে (sasadmn2@gmail.com) প্রেরণ করা যাবে।

সংযুক্ত: প্রশাসনিক মন্ত্রণালয় থেকে প্রেরিত বিজ্ঞপ্তি - ১ কপি।

(স্বাক্ষরিত) ০৬.০২.২০২২

(ফরিদা পারভীন)
মহাপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
ফোন নং- ৪৮৩১৯১৪৯

কার্যার্থে:

১। উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
..............................................

(তাঁকে তার জেলাধীন সকল উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণকে পত্রের আলোকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বলা হলো)।

জ্ঞাতার্থে:

১। জেলা প্রশাসক,..............................
২। উপজেলা নির্বাহী অফিসার, ..............................................
৩। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য),মহিলা বিষয়ক অধিদপ্তর।
৫। অফিস কপি।